"দেশ ও জনগনের অতন্দ্র প্রহরী"

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, অষ্ট্রেলিয়া

(Reg No. Y2366419) BANGLADSH MUKTIJUDDHA SHANGSAD, AUSTRALIA INC

## সর্তকি করন বিজ্ঞপ্তী

সম্প্রতি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া নামের একটি আহবায়ক কমিটি গঠিত হয়েছে যা সংবাদ বিজ্ঞতি প্রকাশিত হয়েছে বিষয়টি আমাদের দৃষ্টিগোচর হরেছে । এই বিজ্ঞপ্তী প্রকাশ হওয়াতে মহান মুক্তিযুদ্ধের চেতনা সম্পন্ন প্রবাশী বাঙ্গালী রা বিব্রত । আমাদের মনে ও সন্দেহ জাগরিত হয়েছে এরা কারা !

কারণ ইতি পুর্বে আমরা বিভিন্ন সময়ে প্রচার মাধ্যমে ঘোষনা দিয়ে মুক্তিযোদ্ধাদের সংগঠিত করার চেষ্টা করেছি , তখন এদের কাউকে বলতে শুনিনি তারা মুক্তিযোদ্ধা ।যিনি এখন আহবায়ক বলে ঘোষনা দিয়েছেন তিনি দীর্ঘ দশ বছর ধরে মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া'র সদস্য না হয়েই সংগঠণটির নেতৃত্ব গ্রহনের অপ-প্রচেষ্ঠায় লিপ্ত হয়ে শীর্ষপদটির জন্য ধর্ণা দিয়ে আসছিলেন । অথচ তিনি কখনো সদস্যপদ গ্রহন করেননি ।

আমরা তাকে আমাদের গঠণতন্ত্র অনুযায়ি প্রথমে সদস্যপদ গ্রহন করে নেতা হওয়ার পরামর্শ দিলে ও তিনি তা গ্রহন না করে হঠাৎ করে তিনি এই বিকল্প সংগঠণের এই ঘোষনা দেন । স্মরন করতে হয় যে ,২০০১ সালে বাংলাদেশে সরকার পরিবর্তনের পরই বাংলাদেশে
মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রিয় কমান্ডের অফিসের তালা ভেংগে অফিস দখল করে অবৈধ ক্ষমতা দখল ও নেতৃত্ব গড়ে তুলেন একটি গোষ্ঠি। সেই অবৈধ ক্ষমতা দখলকারি কেন্দ্রীয় কমান্ডের চেয়ারম্যানকে সিডনিতে এনে আমাদের সংগঠণটির কেন্দ্রের অনুমোদন না থাকার হুমকি ধমকি দিয়ে নেতৃত্ব দখলে ব্যর্থ হয়ে তৎকালিন সময়ে পত্রিকায় বিজ্ঞপ্তী দিয়ে বিকল্প একটি সংগঠণ দ্বাড় করানোর ব্যর্থ চেষ্টা করেন তিনি ।

২০০৯ সালে আওয়ামি লীগের নেতৃত্বে মহাজোটের ঐতিহাসিক বিজয়ের পর পরাজিত শক্তি বিজয়ীদের ''আনন্দের গুঁড়ে বালি '' ঢালতে বাংলাদেশে যখন এক অদৃশ্য শক্তি দলের বিরুদ্ধে দল ,ভাইয়ের বিরুদ্ধে ভাই ,নীতির বিরুদ্ধে নীতিকে দ্বাড় করানোর খেলা শুরু করেছে ঠিক, সেই মুর্হুতে সিডনিতেও তার আলামত দেখাযাচ্ছে ! সিডনির সুপরিচিত '' সংগঠণ ভাংগা চোরার মিস্ত্রি নামে খ্যাত '' এবারও ঠিক একই পদ্ধতি তে আবার কিছু বিতর্কিতচেনা মুখ সংগ্রহ করে কেন্দ্রের মিথ্যা দোহাই দিয়ে মহান মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের বিরুদ্ধে দুরঅভিসন্ধিতে লিপ্ত হয়েছেন ।
১৯৯৬ সালে প্রবাসে আমাদের মুক্তিযুদ্ধের প্রতিকি সংগঠণ ''বাংলাদেশ মুক্তিযোদ্ধাসংসদ অষ্ট্রেলিয়া'' গড়ে তোলার প্রধান উদ্দ্যেশ ছিল আমরা যারা ৭১'র রণাঙ্গণে যুদ্ধকরে বিজয় কেতন উড়িয়ে ছিলাম ,সেই ঐতিহাসিক মুক্তিযুদ্ধের চেতনাকে জাগরিত রাখা ।

বাংলাদেশ সীমানার বাইরে আমাদের এই সংগঠণটির জন্য কেন্দ্রিয় অনুমোদনের বিষয়ে, উভয় দেশের রাষ্ট্রীয় আইন বিষয়ক জটিলতা রয়েছে তাই আমরা বাংলাদেশের অনুমোদনের বিষয়টি বিবেচনায় আনিনি । তবে যে উদ্দ্যেশে আমরা এই সংগঠণ গড়ে তুলে ছিলাম তা আমরা সচেতনতার সাথে পালন করে আসছি । সিডনিতে দীর্ঘদিন ধরে এত মুক্তি যোদ্ধা নীরবে বসবাস করছেন জেনে আমরা আনন্দিত (যদি এরা প্রকৃত মুক্তি মুক্তিযোদ্ধা হয়ে থাকে ) !
প্রকাশ থাকেযে মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কর্তৃক প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা ভুক্তির ফরম পাঠানো হলে আমরা বিজ্ঞপ্তী দ্বারা ,ইতি পুর্বে এবং সম্প্রতি তা প্রচার করে প্রকৃত মুক্তিযোদ্ধাদের সন্ধান করেছি ,কিন্তু অদ্যাবধি কারও সারা পাওয়া যায়নি ।
অতিতের দিনগুলিতে আমরা কষ্ঠার্জিত অর্থ ব্যয় করে স্াধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান , এরপর অবিরত ৬ বছর ১৬ই ডিসেম্বর বিজয় দিবস স্মরনে ''বিজয় মেলা ''র আয়োজন করেছি , যা সিডনিবাসি প্রত্যক্ষ করেছেন শুধু তা-ই নয়, মানবিক ও সামাজিক কাজেও আমরা অবদান রেখে চলেছি এবং তা অব্যাহত থাকবে ।
সর্বশেষে পরামর্শ থাকবে যে , এধরনের ভুঁইফোর সংগঠণ খাড়াকরে মহান মুক্তিযুদ্ধ সম্পন্ন বাঙ্গালী জনমনে বিভ্রান্তি সৃষ্টিকরবেন না । প্রকৃত মুক্তিযোদ্ধারা আসুন , পুরানো এই প্রতিষ্ঠানটিকে প্রবাসে আরও শক্তিশালি করে তুলি ।সবশেষে বলছি নামের বানান ভুল করে নথিভুক্তকরা সংগঠণটি বাতিল করার সকল প্রস্তুতি চলছে ।সর্বসাধারনের অবগতির জন্য এই বিজ্ঞপ্তী প্রচারকরাহল ।

**বিনীত**


হারুন রশীদ আজাদ
সাধারন সম্পাদক

**0403610212.**

মিজানুর রহমান তরুণ
সভাপতি

**0414331731**

---

**Postal Address**

**1.Boree Place .Macquarie Fields NSW .2564.**

**Mobile: 0414331731,0403610212.**